



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -১ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-১১)-৩১১

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯

২২ মে ২০২২

বিষয়: ঢাকা জেলার সাভার উপজেলাধীন বনগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান- এর বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।

সূত্র: জনাব ফরহাদ হোসেন তালুকদার, বনগাঁও ইউনিয়ন, সাভার, ঢাকা এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ে জনাব ফরহাদ হোসেন তালুকদার, বনগাঁও ইউনিয়ন, সাভার, ঢাকা এর আবেদনটি (সংযুক্তিসহ) এসাথে প্রেরণ করা হলো। উক্ত বিষয়ে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২২-৫-২০২২

জেসমীন প্রধান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪

ইমেইল: lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫ (অংশ-১১)-৩১১/১(৫)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯

২২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৫) জনাব ফরহাদ হোসেন তালুকদার, বনগাঁও ইউনিয়ন, সাভার, ঢাকা।

২২-৫-২০২২

জেসমীন প্রধান

সিনিয়র সহকারী সচিব

১৩/০৫/২৩

ডায়েরী নং... ১১৩... তারিখ... ২৭/০৪/২০২২  
প্রয়োজনীয় কার্যার্থে/জ্যোতার্থে প্রেরিত হইল  
ইপি... ১/২ শাখা  
প্রশাসন-১/২ শাখা  
অতিরিক্ত সচিব (ইপি)  
স্থানীয় সরকার বিভাগ

ডায়েরী নং... ১১৩  
তারিখ... ২৭/০৪/২০২২  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন  
ও সমবায় মন্ত্রণালয়  
(মন্ত্রীর দপ্তর)

বরাবর,  
মাননীয় মন্ত্রী  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : ঢাকা জেলার সাভার থানার বনগাঁও ইউপি চেয়ারম্যান সাইফুল ইসলামের বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি, কৃষিজমি ও জলাশয় বালু ভরাট সহ সকল অন্যায় কাজের জন্য বনগাঁও ইউনিয়নবাসীর অভিযোগ প্রসঙ্গে।

জনাব,  
যথাবীহিত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ ফরহাদ তালুকদার ঢাকা জেলার সাভা থানার বনগাঁও ইউনিয়নবাসীর পক্ষে এই মর্মে অভিযোগ করছি যে, অত্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব সাইফুল ইসলামের ভূমি দস্যুতা এবং অনিয়মের জন্য এলাকাবাসী হাপিয়ে উঠেছে। এলাকার নিরীহ মানুষের জমি দখল করে রাতে আধারে বালু দিয়ে ভরাট করে তার স্বত্বাধীন এস.এ হাউজিং এর সাইন বোর্ড টানিয়ে দেয়। এসব ব্যাপারে এলাকাবাসী মান বন্ধন সহ থানায় অবহিত করেও কোন সুফল পাচ্ছে না। ইউপি চেয়ারম্যান ও স্থানীয় নেতা হওয়ার ক্ষেত্রে এলাকার কোদে লোক তার বিরুদ্ধে প্রতিবাদ করতে পারে না। প্রতিবাদ করলেই তার নিজস্ব সন্ত্রাসী বাহিনী দিয়ে মারধর ও হয়রানি করে ইউপি চেয়ারম্যান সাইফুল ইসলাম আওয়ামী লীগ পরিবারের কোন সদস্য নয় বরং স্থানীয় বি.এন.পি নেতা ছিল। তাই তা কাছে স্থানীয় মুক্তিযোদ্ধার পর্যন্ত লক্ষিত হয়েছে যাহা বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় উঠে এসেছে। চেয়ারম্যান এর কাছে টাকার কাছে সকলে নৈতিকতা হার মানে।

গতটার্মে অত্র ইউনিয়নের ১১ জন ইউপি সদস্য তার বিরুদ্ধে অনাস্থা দিলেও টাকার জোরে সে বহাল তবিয়তে ছিল এবং লো-দেখানো তদন্ত হয়েছিল। বর্তমান সময়েও টাকা দিয়ে সে আবারও নৌকার প্রার্থী হয় ও পুনরায় চেয়ারম্যান নির্বাচিত হই দুর্নীতি ও ভূমি দখল জোরদার করে আসছে। ইউনিয়নবাসী তার বিরুদ্ধে মানববন্ধন, সংবাদ সম্মেলন করেও তাদের ভূমি রক্ষ করতে পারছে না ও ইউনিয়নের উন্নয়নের নামের সকল প্রকল্পের টাকা আত্মসাৎ করে আসছে।

গত ১০/০৩/২০২২ ইং তারিখে পরিবেশ অধিদপ্তর সরকারী খাল, কৃষি জমি ও জলাশয় ভরার অভিযোগ অভিযান চালি ডেঞ্জার নিয়ে যায়। কিন্তু বর্তমানে উক্ত ঘটনার পর রাতের আধারে আবার পাইপ লাগিয়ে এবং ট্রাক যোগে পুনরায় বালু ভরা শুরু করেছে। বনগাঁও ইউনিয়নবাসী বিস্মিত হয়েছে, মহান জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে যখন দেশ দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে তখন কিভাবে ভূমি দস্যু এবং হাইব্রিট নেতারা একের পর এক অপকর্ম চালিয়ে যাচ্ছে। এলাকাবাসী মহামান্য হাইকোর্টে রিট পর্যন্ত করেছে এবং হাইকোর্টের রুল জারি হয়েছে যাহা অত্র পত্রের সাথে সংযুক্ত আছে।

মাননীয় মন্ত্রী মহোদয় উপরোক্ত বিষয় তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগত ব্যবস্থা গ্রহনকরে বনগাঁও ইউনিয়নবাসীকে ভূমিদস্যু চেয়ারম্যান সাইফুল ইসলাম এর হাত থেকে মুক্ত করার জন্য চেয়ারম্যান সাইফুল ইসলাম-কে আইনের আওতায় আনার আকু আবেদন করছি।

১৩/০৫/২৩

মাননীয় মন্ত্রীর নির্দেশক্রমে  
সিনিয়র সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
১৩/০৪/২২

মন্ত্রীর একান্ত সচিব  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন  
ও সমবায় মন্ত্রণালয়।

নিবেদক  
বনগাঁও ইউনিয়নবাসীর

পক্ষে ফরহাদ হোসেন তালুকদার  
০১৭৫০-১৮১৫৫৫

সংযুক্তি :

- ১। বিভিন্ন প্রকল্পের টাকা আত্মসাৎ এর জন্য মন্ত্রী মহোদয়ের বরাবর ১১ মেম্বারের অনাস্থার চিঠি।
- ২। মানববন্ধন সহ বনগাঁও ইউপি চেয়ারম্যান অপকর্মের বিভিন্ন প্রিন্ট মিডিয়ায় পেপার কাটিং।
- ৩। মহামান্য হাইকোর্টের রুল জারির ফটোকপি।
- ৪। রাজউক কর্তৃক নিষেধাজ্ঞা ও জরিমানার চিঠি।
- ৫। সরকারী বিভিন্ন জমিদারের হাতে সাইফুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।

স্থানীয় সরকার বিভাগ  
সিনিয়র সচিবের দপ্তর  
১) অতিরিক্ত সচিব ২) প্রশাসন